BGMEA

সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৫/২৮৮ তারিখঃ ০৩ নভেম্বর, ২০২৫

# সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ বিজিএমইএ কর্তৃক ইস্যুকৃত **Certificate of Origin (CoO)** এর সার্ভিস চার্জ হ্রাসকরণ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে সদয় দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা জানেন, রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্প প্রতিষ্ঠান, বিশেষ করে ক্ষুদ্র ও মাঝারি কারখানাগুলো আন্তর্জাতিক ও স্থানীয় চ্যালেঞ্জের মুখে কঠিন পরিস্থিতির মধ্য দিয়ে যাচ্ছে। মজুরি বৃদ্ধি, উচ্চ ব্যাংক সুদ এবং গ্যাস ও বিদ্যুতের ঘন ঘন মূল্যবৃদ্ধির চাপের মধ্যে আপনারা নিরন্তর পরিশ্রম করে কারখানাগুলো সচল রেখেছেন। বিজিএমইএ'র বর্তমান ম্যানেজমেন্ট দায়িত্ব গ্রহণ করার আগেই অঙ্গীকারবদ্ধ ছিলেন,তারা সম্মানিত সদস্যদের স্বার্থ বিবেচনা করে সর্বক্ষেত্রে না পারলেও কিছুটা হলেও আর্থিক স্বস্তি ফিরে আনার চেষ্টা করবেন।

**আপনাদের সুবিধার্থে ইতিমধ্যে ইউডি ও নগদ সহায়তা সংক্রান্ত সার্ভিস চার্জ ২৫% কমানো হয়েছে। এরই ধারাবাহিকতায় বিজিএমইএ থেকে ইস্যু করা সিওও সার্ভিস চার্জ ৮৫ টাকা থেকে ১৫ টাকা কমিয়ে ৭০ টাকা করা হয়েছে যা আগামী ০৮/১১/২০২৫ইং তারিখ থেকে কার্যকর হবে।**

এমতাবস্থায়, উচ্চমূল্যে অন্য কোন প্রতিষ্ঠান থেকে সিওও না নিয়ে সদস্য প্রতিষ্ঠান হিসেবে বিজিএমইএ থেকে সর্বাধিক কম মূল্যে ও দ্রুততম সময়ে প্রদেয় সকল প্রকার সিওও সেবা গ্রহণ করার জন্য আপনাদের'কে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

ধন্যবাদান্তে,

০২/১১/২৫

**মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি,সিএসসিএম (অবঃ)**
সচিব (ভারপ্রাপ্ত)

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION**
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •
BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

CamScanner